

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর-১৭০১

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০১১.২৩.৩৯৫(১)

তারিখ: ০১-০৮-২০২৪

অফিস আদেশ

যেহেতু, জনাব আহম্মদ মোস্তফা কামাল BARI0625, বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট ফার্ম, রংপুর McGill University, Canada-তে পিএইচডি কোর্সে অধ্যয়ন শেষে কর্মস্থলে যোগদান না করে ০১-০৬-২০২২ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (ক) (খ) ও (গ) উপ-প্রবিধি মোতাবেক “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের” অভিযোগে অভিযুক্ত করে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০১১.২৩.৭৭৫৭ তারিখ: ০১-০৬-২০২৩ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারি করা হয় ও ১০ কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জবাব প্রেরণ এবং ব্যক্তিগত শুনানীতে আগ্রহী কিনা তা জানানোর জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, জনাব আহম্মদ মোস্তফা কামাল BARI0625, বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট ফার্ম, রংপুর এর বিরুদ্ধে জারিকৃত ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে আপনি কোনরূপ জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ রক্ষা না করায় রুজুকৃত বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০১১.২৩.১৪০৩ তারিখ: ২৪-০৯-২০২৩ মোতাবেক ড. মো. মোবারক আলী BARI0184, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ কৌলিসম্পদ কেন্দ্র, বারি, গাজীপুরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব আহম্মদ মোস্তফা কামাল BARI0625, বৈজ্ঞানিক কর্মকর্তা’র বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (ক) (খ) ও (গ) উপ-প্রবিধি মোতাবেক “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়ন” এর অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলার আনুসঙ্গিক কাগজপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক কেন তাঁকে চাকরি হতে “বরখাস্ত” করা হবে না অথবা অন্য কোন গুরুদণ্ড প্রদান করা হবে না এ মর্মে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়;

যেহেতু, সে পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা জনাব আহম্মদ মোস্তফা কামাল BARI0625, বৈজ্ঞানিক কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে ২য় কারণ দর্শানো নোটিশ এর কোনরূপ জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ রক্ষা করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব আহম্মদ মোস্তফা কামাল BARI0625, বৈজ্ঞানিক কর্মকর্তা’র বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়াদি ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাপূর্বক বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে “বরখাস্ত” গুরুদণ্ড আরোপ করার সিদ্ধান্ত গৃহিত হয়;

যেহেতু, গত ০৭-০৭-২০২৪ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের ৭৭তম বোর্ড সভায় জনাব আহম্মদ মোস্তফা কামাল BARI0625, বৈজ্ঞানিক কর্মকর্তা’কে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে “বরখাস্ত” করার চূড়ান্ত অনুমোদন দেয়া হয়;

সেহেতু, জনাব আহম্মদ মোস্তফা কামাল BARI0625, বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট ফার্ম, রংপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাক্রমে “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক অত্র ইনস্টিটিউটের চাকরি হতে “বরখাস্ত” করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(ড. দেবশীষ সরকার)

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: ০২-৪৯২৭০০০০

প্রাপকঃ

রেজি./এডিঃ

জনাব আহম্মদ মোস্তফা কামাল BARI0625

বৈজ্ঞানিক কর্মকর্তা

আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট ফার্ম, রংপুর।

রেজি./এডিঃ স্থায়ী ঠিকানা-

জনাব আহম্মদ মোস্তফা কামাল

পিতা-মো. ওমর আলী, গ্রাম-খোড়াগাছ পশ্চিম পাড়া,

পোস্ট-খোড়াগাছ, উপজেলা-মিঠাপুকুর, জেলা-রংপুর।

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০১১.২৩.৩৯৫(১)

তারিখ: ০১-০৮-২০২৪

অনুলিপিঃ-

- ১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন/কন্দাল), বারি, গাজীপুর
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট ফার্ম, রংপুর
- ৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
- ৫। জনাব আহম্মদ মোস্তফা কামাল BARI0625, বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট ফার্ম, রংপুর
- ৬। জনাব আহম্মদ মোস্তফা কামাল, পিতা-মো. ওমর আলী, গ্রাম-খোড়াগাছ পশ্চিম পাড়া, পোস্ট-খোড়াগাছ, উপজেলা-মিঠাপুকুর, জেলা-রংপুর
- ৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
- ৮। এসিআর সেল/কম্পিউটার সেল/ব্যক্তিগত নথি/মান্ডার ফাইল/সংশ্লিষ্ট নথি।


(মোঃ মিজানুর রহমান খন্দকার)
উপ-পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ৪৯২৭০০১০/৫৩০৬